

# জবিতে বহিরাগত উপাচার্যদের জন্য 'গেটলক'

জগন্নাথ  
বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

২৮ আগস্ট,  
২০২৪ ০৪:৫৪

শেয়ার

অ +

অ -



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষক বহির্ভূত উপাচার্য নিয়োগ হলে তার জন্য প্রধান ফটকে 'গেটলক' নামে ব্যানার ঝোলানো হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষ থেকে এই ব্যানার টানানো

হয়।

মঙ্গলবার (২৭ আগস্ট) রাত ৯টার দিকে এই ব্যানার টানাতে দেখা গেছে।

ব্যানারে লেখা হয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বাহিরের কোনো ভিসি মানবে না।

বাহিরের ভিসির জন্য 'গেটলক'। এ ছাড়া গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার প্রাঙ্গণে জবির শিক্ষকদের মধ্য হতে উপাচার্য নিয়োগের দাবিতে চতুর্থ দিনের মতো বিক্ষোভ করেন শিক্ষার্থীরা।

ব্যানার টানাতে এসে সাইফুদ্দিন নামে এক শিক্ষার্থী বলেন, আমরা ১৯ বছর ধরে একটি উপনিবেশের মধ্যে রয়েছি। অনেক সময় পার হয়ে গেছে।

আমাদের ক্যাম্পাসে যোগ্য শিক্ষক রয়েছেন। তাদের মধ্য হতেই আমরা ভিসি চাই। আমরা বিশ্বাস করি, জবি থেকে ভিসি হলে বিশ্ববিদ্যালয়ের সমস্যাগুলো দ্রুত সমাধান হবে।

বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ বেলাল হোসাইন বলেছেন, বিগত ১৬ বছরের আমার শিক্ষকতার অভিজ্ঞতা থেকে বলছি- বর্তমানে বিশ্ববিদ্যালয়কে গড়ে তুলতে হলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্য থেকেই নেতৃত্ব আসতে হবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্য থেকে উপাচার্য দিতে হবে। অন্যথায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী-কর্মকর্তা ও কর্মচারীরা মানবে না।